হরিণাকুণ্ডুতে এমপিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের কর্মবিরতি পালন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে উৎসব ভাতা বৃদ্ধির দাবিতে বেসরকারী এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা কালো ব্যাচ ধারণ এবং দুই ঘণ্টা কর্মবিরতি পালন করেছে। জানা যায় গতকাল শিক্ষা মন্ত্রনালয়ের এক প্রজ্ঞাপনে বেসরকারী শিক্ষকদের পবিত্র ঈদুল আযাহা’র উৎসব ভাতা ২৫ শতাংশ বৃদ্ধি পেলেও তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের তা বাড়েনি সেকারেণ তারা এই কর্মবিরতি পালন করছেন।

উপজেলার হাজী আরশাদ আলী ডিগ্রি কলেজ, ভালকী মাধ্যমিক বিদ্যালয়, ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়, জোড়াদহ মাধ্যমিক বিদ্যালয়, দখলপুর সিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসাসহ উপজেলার অধিকাংশ স্কুল কলেজ এই কর্মবিরতি পালন করেছে। এতে বেলা ১২টা পর্যন্ত প্রতিষ্ঠানের কোন ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

বাংলাদেশ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় শ্রেণীর কর্মচারী পরিষদ হরিণাকুণ্ডু উপজেলা শাখার সাধারণ সম্পাদক নায়েব আলী জানান, উৎসব ভাতা বৃদ্ধির নতুন প্রজ্ঞাপনে কর্মচারীদের অন্তর্ভুক্তির দাবিতে ঝিনাইদহ জেলা সহ সারাদেশের এমপিওভূক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীরা বুধবার ২৮মে তারিখ থেকে কালো ব্যাচ ধারণ এবং দুই ঘণ্টা কর্মবিরতি পালন করেন। তিনি আরো বলেন বর্তমান বৈষম্য বিরোধী ও তারুন্যের সরকার আমাদের ন্যায্য দাবি মেনে নিয়ে শত ভাগ উৎসব ভাতার ঘোষণা দিয়ে তা বাস্তবায়ন করবেন বলে আশা করছি।

যদি আমাদের দাবি অন্তর্বর্তী সরকার পূরণ না করে তাহলে সারা দেশব্যাপী আমরা নতুন কর্মসূচী ঘোষণা দিয়ে আন্দোলনে যাব। এবিষয়ে হরিণাকুণ্ডু উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী বলেন আমি বিষয়টি জানি, তবে ক্লাস বন্ধ রেখে কোন আন্দোলন করা যাবেনা বলে তাদের জানিযেছি। এবিষয়ে হাজী আরশাদ আলী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবুল কাসেম বলেন কর্মচারীরা তাদের উৎসব ভাতা বৃদ্ধির দাবিতে কর্মবিরতি পালন করেছে। তবে কলেজের অন্যান্য কক্ষ খোলা

ছিল। তিনি মনে করেন এটা তাদের যৌক্তিক দাবি সরকারের এটা মেনে নেওয়া উচিৎ।

এবিষয়ে হরিণাকুণ্ডু উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মাসুদুল হক টিটু বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা কালো ব্যাচ ধারণ ও কর্মবিরতি পালন করেছে, তবে প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম অব্যাহত ছিল। তিনি আরও বলেন তাদের নৈতিক দাবির পক্ষে আমরা থাকব তবে কোন ভাবেই যেন প্রতিষ্ঠানের ক্লাস পরীক্ষা বন্ধ করে কর্মসূচী পালন করা না হয় সে ব্যাপারে সতর্ক থাকতে হবে।

দর্শনায় শহীদ জিয়ার শাহাদাত বার্ষিকী পালনে প্রস্তুতিসভা

আগামী ৩০ মে বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপি’র প্রতিষ্ঠাতা, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান শাহদৎ বার্ষিকী। শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদার সাথে পালনের লক্ষে দর্শনায় বিএনপির প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকালে দর্শনা রেল ইয়ার্ড চত্তরে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সমন্বয়ক, সাবেক সভাপতি হাজি খন্দকার শওকত আলী।

দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির সাবেক সভাপতি তোফাজ্জেল হোসেনের সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিএনপি নেতা মাও ওমর আলী, মোখলেসুর রহমান, আজিজুল ইসলাম, মোখেলসুর রহমান, শুকুর আলী, আ. খালেক, আবু তাহের, দর্শনা পৌর মৎসজীবিদলের সভাপতি হাজি নজির আমিন, জেলা যুবদলের যুগ্নআহ্বায়ক সাইফুল ইসলাম মিঠু, নুর গনি, বাবু,

সেলিম মেহবুব লিটন, শাহীন আলম, আশরাফুল, নাসির উদ্দিন, তোফাজ্জেল হোসেন, যুবদলনেতা রাসেল, সের আলী, সোহেল, রানা, বাবু, রিপন, শান্ত, সেচ্চাসেবকদলনেতা সজিব, ব্যবসায়ী নেতা শরিফুল

ইসলাম। সার্বিক অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা পৌর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম চঞ্চল।

মেহেরপুরে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী পালন

মেহেরপুর জেলার ঐতিহ্যবাহী সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চপ্তর এর আয়োজনে শনিবার বিকেলে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী ও মাসিক সাহিত্য বাসর উপলক্ষে আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর প্রেসক্লাবের অনুষ্ঠিত আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি এডভোকেট এম আনোয়ার হোসেন।

বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি নুরুল আহমেদ, রফিকুল আলম, অবসরপ্রাপ্ত শিক্ষক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুশীল চক্রবর্তী, সংগঠনের নাট্য সম্পাদক সাইদুর রহমান, সাহিত্য সম্পাদক মিনা পারভিন, কবি সাদিকুজ্জামান সেন্টু প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি এস এম এ মান্নান, আবুল লায়েস লাভলু, বাঁশরী মোহন দাস, শহিদুল ইসলাম কানান, ফাতেমা ফিরোজ, রফিকুল ইসলাম, আবুল হাশেম, মহিবুল ইসলাম, বদরুদ্দোজা বিশ্বাস, শফিকুজ্জামান সেন্টু, ঐশী, রাইসা প্রমুখ।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের মহান মে দিবস পালন

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মহান মে দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে বৃহস্পতিবার সকালে জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনার নেতৃত্বে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকা থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সাধু বার্ণবার চার্চে এসে শেষ হয়। র্যালী পরবর্তীতে আলোচনা সভার শুরুতেই প্রয়াত শ্রমিকদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।

জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনার সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সবুজ, শ্রমিক কল্যাণ সম্পাদক রেজাউল হক, প্রচার সম্পাদক সেন্টু শেখ।

র্যালী ও আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে জেলা মটর শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মাহাবুব এলাহী, সহ সাধারণ সম্পাদক মোঃ এরশাদ আলী,সাংগঠনিক সম্পাদক রমেজ উদ্দীন, কোষাধ্যক্ষ মিন্টু, সদস্য শরিফুল ইসলাম, আনারুল ইসলাম, গাংনী উপজেলা শাখার সভাপতি মনিরুল ইসলাম, বামুন্দী উপজেলা শাখার সাবেক সাধারণ সম্পাদক মুন্না, কদারগঞ্জ শাখার সভাপতি জিল্লুর রহমান,দরবেশপুর শাখার সাধারণ সম্পাদক আজমসহ শ্রমিক সংগঠনের নেতা ও সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভৈরব সাহিত্য

সাংস্কৃতিক চত্বরের বাংলা নববর্ষ পালন

মেহেরপুর জেলার ঐতিহ্যবাহী সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের আয়োজনে গতকাল সোমবার বিকেলে বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর প্রেসক্লাবে অনুষ্ঠিত আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন।

বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি ডা. এম. এ. বাসার, নুরুল আহমেদ, রফিকুল আলম এবং নাট্য সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি এস. এম. এ. মান্নান, আবুল লায়েস লাভলু, নিলুফার বানু, শহিদুল ইসলাম কানান, ফাতেমা ফিরোজ, সাদেকুজ্জামান সেন্টু, রফিকুল ইসলাম, লিয়াকত হোসেন, আবুল হাশেম, মহিবুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে বিশ্ব স্বাস্থ্য দিবস পালন

‘জন্ম হোক সুরক্ষিত, ভবিষ্যৎ হোক আলোকিত’ এ শ্লোগানে ঝিনাইদহে পালিত হয়েছে বিশ্ব স্বাস্থ্য দিবস। সিভিল সার্জন কার্যালয়ের আয়োজনে সোমবার সকালে সিভিল সার্জন অফিসের সামনে থেকে এ উপলক্ষে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সিভিল সার্জনের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সেসময় সিভিল সার্জন ডা. মো: কামরুজ্জামানের সভাপতিত্বে বক্তব্য রাখেন, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা. মোস্তাফিজুর রহমান, বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডা: সাথী সাহা, সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বিশ্ব স্বাস্থ্য দিবসের তাৎপর্য তুলে ধরে বলেন, দেশের প্রতিটি মানুষের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সকলকে একযোগে কাজ করতে হবে। তারা বলেন, নিরাপদ মাতৃত্ব, শিশু স্বাস্থ্য ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে একটি সুস্থ প্রজন্ম গড়ে তোলা সম্ভব।

আলোচনা সভায় বক্তারা আরও বলেন, স্বাস্থ্যখাতে সরকারের বিভিন্ন পদক্ষেপ সফল করতে জনসচেতনতা বৃদ্ধি এবং স্বাস্থ্যকর্মীদের আন্তরিক প্রচেষ্টা অপরিহার্য।

মুজিবনগর উপজেলা বিএনপির মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধসহ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে শহীদ সকল বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে মুজিবনগর উপজেলা বিএনপি ও এর অঙ্গসংগঠন।

বুধবার সকালে জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে উপজেলা বিএনপি, উপজেলা যুবদল, ছাত্রদল, জাসাসসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা র্যালিসহকারে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলে অংশগ্রহণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি

রফিকুল ইসলাম, মোনাখালি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির, উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, উপজেলা জাসাস সভাপতি জুলফিকার খান হেলালসহ উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

গাড়ল পালন করে জিরো থেকে হিরো চুয়াডাঙ্গার তোতা মিয়া

গাড়ল পালন করে জিরো থেকে হিরো হয়েছেন চুয়াডাঙ্গা জেলার দর্শনা নাস্তিপুর গ্রামের তোতা মিয়া। মাত্র ১ গাড়ল দিয়ে শুরু করে এখন প্রায় ৭০ টি গাড়লের মালিক হয়েছেন।

তোতা মিয়া বলেন, আমার ছেলে ১ টি গাড়ল কিছু দিন লালন পালনের পর বিক্রি করে দিতে চাইলে আমি তা রেখে দিই। কিছুদিন পর আমি আরও একটি গাড়ল সংগ্রহ করে জোড়া করার পর, আল্লাহর রহমতে এখন আমার প্রায় ৭০ টি গাড়ল হয়েছে । আমি ১৫ বছর ধরে গাড়ল পালন করছি। আমি এখন পর্যন্ত মোট ৯ লক্ষ ৫০ হাজার টাকার গাড়ল বিক্রি করছি এবং আরো ৭০ টি মতো গাড়ল আছে আপনারা দেখতে পাচ্ছেন।

রোগ সম্পর্কে তোতা মিয়া বলেন গাড়লের জ্বর, ঠান্ডা, কৃমিসহ কয়েকটি রোগ হয়। সেক্ষেত্রে সঠিকভাবে ডাক্তারের মাধ্যমে ওষুধ খাওয়ালে ঠিক হয়ে যায়।

গাড়লের পরিচর্যা সম্পর্কে বলেন, আমি প্রতিদিন সকালে ৯ টার সময় মাঠে এসে চারানো শুরু করি এবং বিকাল ৫ টায় বাসায় নিয়ে চলে যাই । মাঠে উন্মুক্ত স্থানে চরানোর কারণে সবুজ ঘাস খেতে পারছে। ঘুরে ঘুরে সবুজ ঘাস খাওয়ার কারণে গাড়ল সুস্থ থাকার পাশাপাশি আমার খাবার খরচ লাগছে না । খাবার খরচ না থাকায় আমার পুরোটাই লাভ হচ্ছে।

গাড়ল নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা কি আছে জানতে চাইলে তোতা মিয়া জানায় আল্লাহ আমাকে যতদিন বাঁচিয়ে রাখবে ততদিন আমি এভাবেই গাড়ল পালন করে যাব। তিনি আরও বলেন আপনারা যারা গাড়ল পালন করবেন, একটু

দেখাশোনা করলেই এখান থেকে আপনারা সফলতা পাবেন ইনশাআল্লাহ ।

দামুড়হুদায় অনলাইন দেশ চ্যানেলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদা প্রেসক্লাবে অনলাইন দেশ চ্যানেলের ৪র্থ বর্ষে পদার্পণে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার সকাল ১১ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে অনলাইন দেশ চ্যানেলের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হাফিজুর রহমান কাজল এর আয়োজনে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

অনলাইন দেশ চ্যানেলের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হাফিজুর রহমান কাজলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার সাব ইন্সপেক্টর সবুজ, দামুড়হুদা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, বিএনপি নেতা সাবেক ইউপি সদস্য ইকরামুল হোসেন, উপজেলা যুবদল নেতা শওকত হোসেন।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক দৈনিক কালবেলার দামুড়হুদা প্রতিনিধি শাহজালাল বাবু, সহ-সভাপতি দৈনিক সময়ের সমীকরণের দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশির, দৈনিক মাথাভাঙ্গার বিশেষ প্রতিনিধি তাছির আহমেদ, দৈনিক কালের কন্ঠ দামুড়হুদা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক হাবিবুর রহমান হবি, দৈনিক আজকের খাসখবর পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি শেখ হাতেম, বাংলা এফেয়ার্সের দামুড়হুদা প্রতিনিধি

রোকনুজ্জামান, দৈনিক এই আমার দেশ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আল সাফায়েত হোসেন, দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি জহিরুল ইসলাম।

এ সময় বক্তরা বলেন, অনলাইন দেশ চ্যানেল একটি ব্যতিক্রমী চ্যানেল। যেখানে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করা হয়। আমরা দেখেছি বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে দেশ চ্যানেলে প্রকাশ করেছিল।

এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস অনলাইন দেশ চ্যানেল একটি ভালো সংবাদ মাধ্যম এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই দেশ চ্যানেল পরিবারের সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা রইল। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ন আহবায়ক এর জন্মদিন পালন

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ন আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল শনিবার রাত ৯টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের কেক কাটা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের বিএনপির নেতা আবুল হাশেমের নেতৃত্বে কেক কাটা হয়। এই সময় আরো উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু। জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি।

জেলা যুবদলের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসাদুজ্জামান জনি, শ্যামপুর ইউনিয়নের যুবনেতা উজ্জ্বল, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, মেহেরপুর জেলা

[illegible]